

# নতুন কর্মসূচি ঘোষণা ইবতেদায়ি শিক্ষকদের

অনলাইন ডেস্ক



ছবি : ফোকাস বাংলা

শিক্ষা উপদেষ্টার বিরুদ্ধে ‘অসম্মানজনক আচরণের’ অভিযোগ

তুলে তার পদত্যাগ দাবি করেছে স্বতন্ত্র ইবতেদায়ি মাদরাসা

শিক্ষক ঐক্যজোট। বুধবার (২২ অক্টোবর) সচিবালয়ে স্মারকলিপি

দিতে গিয়ে শিক্ষা উপদেষ্টার সঙ্গে সাক্ষাৎ না হওয়ায় ক্ষোভ প্রকাশ

করেন সংগঠনের নেতারা। এ ঘটনায় নতুন কর্মসূচি হিসেবে

বৃহস্পতিবার সকাল ১১টায় জাতীয় প্রেস ক্লাবের সামনে বিক্ষোভ

মিছিলের ঘোষণা দিয়েছেন তারা।

গড়ুন



কেরালায় রাষ্ট্রপতির হেলিকপ্টার নামতেই দেবে গেল  
হেলিপ্যাড

স্বতন্ত্র ইবতেদায়ি মাদরাসা শিক্ষক ঐক্যজোটের চেয়ারম্যান কাজী

মোখলেছুর রহমান অভিযোগ করেন, শিক্ষা উপদেষ্টা তাদের

প্রতিনিধিদলের সঙ্গে অসম্মানজনক আচরণ করেছেন।

তিনি বলেন, আজ আমাদের কর্মসূচি ছিল শিক্ষা উপদেষ্টা মহোদয়ের বরাবরে স্মারকলিপি প্রদান ও দাবি নিয়ে আলোচনা করা। কিন্তু পদযাত্রা শুরু করার পর আইন-শৃঙ্খলা রক্ষা বাহিনীর বাধার মুখে পড়তে হয়। এরপরও পুলিশের সহযোগিতায় ১৫ সদস্যের প্রতিনিধিদল শিক্ষা মন্ত্রণালয়ে গিয়ে স্মারকলিপি পেশ করে।

ন



অর্থাভাব ছিল না, কত টাকা রেখে গেলেন প্রয়াত অভিনেতা আসরানি?

কাজী মোখলেছুর রহমান আরো বলেন, আমরা ভেবেছিলাম, শিক্ষা উপদেষ্টা অন্তত সৌজন্যমূলক আচরণ করবেন।

কিন্তু তিনি আমাদের সঙ্গে দেখা না করে অপমানজনক আচরণ করেছেন। এটি শুধু শিক্ষকদের নয়, গোটা শিক্ষক সমাজের প্রতি অবমাননা।

এই ঘটনার প্রতিবাদে বৃহস্পতিবার সকাল ১১টায় জাতীয় প্রেস ক্লাবের সামনে বিক্ষোভ মিছিলের ঘোষণা দেন তিনি।

চেয়ারম্যান বলেন, শিক্ষকদের সঙ্গে এমন আচরণ গ্রহণযোগ্য নয়।

শিক্ষা উপদেষ্টা শিক্ষক সমাজকে অসম্মান করেছেন। তাই আমরা  
তার পদত্যাগ দাবি করছি।

অন্যদিকে, শিক্ষকরা দাবি জানিয়েছেন চলতি বছরের ২৮  
জানুয়ারির জাতীয়করণের ঘোষণার দ্রুত বাস্তবায়ন করতে হবে।  
পাশাপাশি এমপিওভুক্তির লক্ষ্যে কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ  
কর্তৃক প্রধান উপদেষ্টার কার্যালয়ে প্রেরিত ১ হাজার ৮৯টি  
প্রতিষ্ঠানের ফাইল দ্রুত অনুমোদন দিতে হবে।

অন্য দাবিগুলোর মধ্যে রয়েছে—অনুদানবিহীন স্বীকৃত ইবতেদায়ি  
মাদরাসাগুলোর এমপিও আবেদনের জন্য বিজ্ঞপ্তি প্রকাশ,  
প্রাথমিক বিদ্যালয়ের ন্যায় প্রাক-প্রাথমিক পদ সৃষ্টি এবং  
ইবতেদায়ি মাদ্রাসার জন্য আলাদা অধিদপ্তর স্থাপন।